৩৮১

মোংলা বন্দর কর্তৃপক্ষ
মোংলা,বাগেরহাট-৯৩৫১
টেলিফোন নং : ০৪৬৬২-৭৫৩৪৫
ফ্যাক্স : ০৪৬৬২-৭৫২২৪
ই-মেইল : da@mpa.gov.bd
ওয়েব সাইট :www.mpa.gov.bd

নং-১৮.১৪.০১৫৮.১২২.০৬.১৫৬.১৮ তারিখঃ ১৬ আগস্ট ২০২১ খ্রিঃ ।

বিষয়ঃ মোংলা বন্দর কর্তৃপক্ষের বাস্তবায়িত উদ্ভাবনী ধারনা,সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভার কার্যবিবরণী ।

সভাপতি : জনাব মোঃ শাহীনুর আলম,পরিচালক (প্রশাসন), মবক, মোংলা ও ইনোভেশন অফিসার।
সভার স্থান : মবক এর সভাকক্ষ, প্রশাসনিক ভবন, মবক, মোংলা।
তারিখ : ১৬ - ০৮ – ২০২১ খ্রিঃ।
সময় : বেলা ১২:০০ ঘটিকা।
উপস্থিত কর্মকর্তাদের তালিকা :
(১) জনাব সিদ্দিকুর রহমান, প্রধান অর্থ ও হিসাব রক্ষণ কর্মকর্তা. মবক, মোংলা ও সদস্য, ইনোভেশন টিম।
(২) জনাব মোঃ জহিরুল হক, পরিকল্পনা প্রধান, মবক, মোংলা ও সদস্য, ইনোভেশন টিম।
(৩) জনাব গোলদার শাহনাজ,সচিব (বোর্ড ও জনসংযোগ), মবক, মোংলা ও সদস্য, ইনোভেশন টিম।
(৪) জনাব মোঃ সোহাগ, সহকারী ট্রাফিক ম্যানেজার, মবক, মোংলা ও সদস্য, ইনোভেশন টিম।
(৫) জনাব মোঃ মাইদুল ইসলাম,উর্দ্ধতন নিরীক্ষা কর্মকর্তা , মবক, মোংলা ও সদস্য, ইনোভেশন টিম।
(৬) জনাব সাইদুর রহমান ,লাইটিং অফিসার ( হারবার), মবক ,মোংলা ও সদস্য,ইনোভেশন টিম ।
(৭) শিরীন আফরোজ অনু, সহকারী প্রকৌশলী (তড়িৎ), মবক, মোংলা ও সদস্য-সচিব,ইনোভেশন টিম।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। ইনোভেশন কমিটির কর্মপরিধি,বাস্তবায়িত উদ্ভাবনী ধারনা,সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা নিয়ে সভায় বিস্তারিত আলাপ আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রমিক নং | আলোচনার বিষয় | সিদ্ধান্ত | কার্য ব্যবস্থা |
|---|---|---|---|
| ০১। | বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ অনুযায়ী ০১ টি উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং ,০১ টি ডিজিটাল সেবা , ০১ টি সেবা পদ্ধতি সহজীকরন এবং SIP (Small Improvement Project) বাস্তবায়ন প্রসঙ্গে। | ০১ টি ডিজিটাল সেবা – ব্লাড গ্রুপিং ও সেবা প্রদানের লক্ষ্যে 'মোবাইল অ্যাপসের মাধ্যমে মোংলা বন্দর কর্তৃপক্ষের সকল কর্মকর্তা/কর্মচারীর রক্তের গ্রুপ ডিজিটাল পদ্ধতিতে নিবন্ধণ করণ ও তথ্য প্রদান 'প্রক্রিয়া দ্রুতসময়ের মধ্যে বাস্তবায়ন এর জন্য সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন।<br><br>০১ টি সেবা পদ্ধতি সহজীকরন – ডিজিটাল হিসাব সেবা সহজীকরণ বিষয়ে আরো যাচাই বাছাই পূর্বক পরবর্তী ইনোভেশন মিটিং এ উপস্থাপন করতে হবে। | সকল সদস্য, ইনোভেশন টিম। |
| ০২। | মবক এর সকল কর্মকর্তার নিকট থেকে ইমেইল / লিখিত ভাবে নিজ নিজ বিভাগের ডিজিটাল সেবা / SIP ইনোভেটিভ আইডিয়া গ্রহন প্রসঙ্গে। | মবক এর বিভিন্ন সেবা এবং কার্যাদি পরিচালনা ও গতিশীল করার জন্য ইনোভেটিভ আইডিয়া নিম্নোক্ত ই মেইল এড্রেস এ প্রেরণ করতে হবে ।<br>da@mpa.gov.bd/aee2@mpa.gov.bd ।<br>সকল বিভাগীয় প্রধানগণকে নিজ নিজ বিভাগের ডিজিটাল সেবা / SIP ইনোভেটিভ আইডিয়া প্রদানের জন্য সদস্য সচিব সকল কর্মকর্তাকে পত্রের মাধ্যমে অবহিত করবেন। | সকল কর্মকর্তা<br><br>সদস্য-সচিব, ইনোভেশন টিম। |

৩৮০

| | | | |
|---|---|---|---|
| ০৩। | সভায় সভাপতি SIP(Small Improvement Project) হিসাবে ০৫ টি উদ্ভাবনী উদ্যোগ নিয়ে আলোচনা হয় । | মোংলা বন্দর কর্তৃপক্ষের বিভিন্ন ভবন / অফিস বিল্ডিং এ স্থাপন / প্রদর্শন এর জন্য SIP (Small Improvement Project)হিসাবে ০২ টি উদ্ভাবনী উদ্যোগ<br><br>ক) মবক এর বিভিন্ন অফিস বিল্ডিং এ জরুরী সেবায় হট লাইন নাম্বার এবং সচেতনতা মূলক ষ্টিকার স্থাপন ।<br><br>খ) ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর ১০ টি বিশেষ উদ্যোগ মবক'র বিভিন্ন স্থানে প্রদর্শন । | পরিচালক (প্রশাসন), মবক, মোংলা এবং ইনোভেশন অফিসার।<br><br>জনাব মোঃ মাকরুজ্জামান উপ সচিব বোওজস।<br><br>সদস্য-সচিব, ইনোভেশন টিম। |
| ০৪। | মবক এর কর্মকর্তাদের জন্য সেবা সহজী করণ বিষয়ক ১ দিনের কর্মশালা ,উদ্ভাবন বিষয়ক ২ দিনের কর্মশালা সেবা সহজীকরণ বিষয়ক ২দিনের প্রশিক্ষন এর আয়োজন প্রসঙ্গে। | মবক এর কর্মকর্তাদের জন্য "নাগরীক সেবায় উদ্ভাবন " ও সেবা সহজী করণ বিষয়ক ১ দিনের কর্মশালা ,উদ্ভাবন বিষয়ক ২ দিনের কর্মশালা, সেবা সহজীকরণ বিষয়ক ২দিনের প্রশিক্ষন এর আয়োজন করতে হবে। নাগরীক সেবায় উদ্ভাবন বিষয়ক ২ দিনের কর্মশালা সেবা সহজী করণ বিষয়ক ১ দিনের কর্মশালা সেবা সহজীকরণ বিষয়ক ২দিনের প্রশিক্ষন কর্মশালার আয়োজন করোনাকালীন সময়ে আপাতত বন্ধ রাখতে হবে। পরিস্থিতি স্বাভাবিক হলে আগামী ২/৩ মাসের মধ্যে প্রশিক্ষন কর্মশালা সম্পন্ন করা যাবে। | সদস্য-সচিব, ইনোভেশন টিম। |
| ০৫। | উদ্ভাবক / উদ্ভাবন কার্যক্রমে সম্পৃক্ত কর্মকর্তাদের দেশে/বিদেশে শিক্ষা সফর / প্রশিক্ষন/নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণ; এ ছাড় িপ্রশংসাসূচক উপ-আনুষ্ঠানিক পত্র/সনদপত্র/ক্রেষ্ট/পুরস্কার প্রদান প্রসঙ্গে। | উদ্ভাবক / উদ্ভাবন কার্যক্রমে সম্পৃক্ত কর্মকর্তাদের দেশে/বিদেশে শিক্ষা সফর / প্রশিক্ষন/নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণ; এ ছাড় প্রশংসাসূচক উপ-আনুষ্ঠানিক পত্র/সনদপত্র/ক্রেষ্ট/পুরস্কার প্রদান এর জন্য উদ্ভাবক মনোনয়ন করতে হবে। এবং তাকে পুরুস্কৃত করা হয় । | ইনোভেশন টিম। |
| ০৬। | জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা ২০১৮' এর কর্ম-পরিকল্পনার অগ্রাধিকার চিহ্নিত ১৭ টি করণীয় বিষয়সহ এ মন্ত্রণালয় সংশ্লিষ্ট বিষয়াদি যথাসময়ে বাস্তবায়ন এবং ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন প্রেরণ । | জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা ২০১৮' এর কর্ম-পরিকল্পনার অগ্রাধিকার চিহ্নিত ১৭ টি করণীয় বিষয়সহ এ মন্ত্রণালয় সংশ্লিষ্ট বিষয়াদি যথাসময়ে বাস্তবায়ন এবং ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন প্রেরণ বিষয়ে আলোচনা হয় । আলোচনা মোতাবেক মোংলা বন্দর কর্তৃপক্ষের ইনোভেশন কর্ম-পরিকল্পনার, ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন ইনোভেশন সভায় উপস্থাপন করতে হবে। | সদস্য-সচিব, ইনোভেশন টিম। |
| ০৭। | বার্ষিক উদ্ভাবন কর্ম-পরিকল্পনা ২০২০-২১ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী অন্যান্য কর্যক্রম বাস্তবায়ন প্রসঙ্গে । | বার্ষিক উদ্ভাবন কর্ম-পরিকল্পনা ২০২০-২১ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী অন্যান্য কর্যক্রম বাস্তবায়ন প্রসঙ্গে আলোচনা হয় এবং পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে যা উদ্ভাবকগণকে পত্রের মাধ্যমে জানাতে হবে। | সদস্য-সচিব, ইনোভেশন টিম। |
| ০৮। | মুজিব বর্ষ উপলক্ষ্যে বিভিন্ন পরিকল্পনা গ্রহন প্রসঙ্গে। | ২০২০ সালের ১৭ ই মার্চ হতে মুজিব বর্ষ শুরু উপলক্ষ্যে<br>১।সকল অফিস ভবনে প্রয়োজন এবং নির্দেশনা মতে ইলেকট্রিক পানির ফিল্টার সংস্থাপনের ব্যবস্থা গ্রহন করতে হবে। | ক্রয় শাখা এবং ইনোভেশন টিম। |

৩৭৯

| | | | |
|---|---|---|---|
| ০৭। | মোংলা বন্দর কর্তৃপক্ষের জেটি মেইন গেইট হতে প্রশাসনিক ভবন পর্যন্ত ফুটপাতের ব্যবস্থা করন প্রসঙ্গে | জনাব এস এম মাইদুল ইসলাম, উর্দ্ধতন নিরীক্ষা কর্মকর্তা কর্তৃক উপস্থাপিত মোংলা বন্দর কর্তৃপক্ষের জেটি মেইন গেইট হতে প্রশাসনিক ভবন পর্যন্ত নিরাপত্তা ভবন,ট্রাফিক ভবন,রেকর্ড বিল্ডিং ,জনতা ব্যাংক এবং সিবিএ ভবন এর সম্মুখের রাস্তায় বড় বড় ট্রাক ও বিভিন্ন ধরনের গাড়ী চলাচল করে । অফিস শুরু এবং অফিস সমাপ্তিকালীন সময়ে মবক এর কর্মকর্তা ও কর্মচারীদের অফিসে যাওয়া আসা করতে অসুবিধার সৃষ্টি হয় এবং যে কোন সময় যে কোন ধরনের দূর্ঘটনা ঘটতে পারে । জনাব নিয়ামুর রহমান , হিসাব রক্ষন কর্মকর্তা ( বাজেট ) অফিস চলাকালীন কিছু বাজার বসে এবং অস্বাভাবিক ভাবে জনসম্মুখে যত্রতত্র ধুমপান করতে থাকে যা স্বাস্থ্যসম্মত নয় । ফলে উল্লেখিত স্থান বরাবর ফুটপাত তৈরীর ব্যবস্থাসহ বাজার উচ্ছেদ করা প্রয়োজন এবং জনসম্মুখে ধুমপান বন্ধ করার জন্য নির্দিষ্ট স্থানে Smoking Zone তৈরীর ব্যবস্থা গ্রহণ করতে হবে। ইতোমধ্যে সিভিল ও হাইড্রলিক্স বিভাগ ,প্রশাসন বিভাগ ও নিরাপত্তা বিভাগ কে তাগাদা পত্র দেওয়া হয়েছে। অধ্যাবদি দৃশ্যমান কোন কার্যক্রম গ্রহন করা হয়নি। | সিভিল ও হাইড্রলিক্স বিভাগ প্রশাসন বিভাগ, নিরাপত্তা বিভাগ |

সভায় অন্য কোন আলোচনার বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৮/৮/২০২১

(মোঃ শাহীনুর আলম)
উপসচিব
পরিচালক (প্রশাসন) এবং
ইনোভেশন অফিসার।

বিতরণঃ
(১) চীফ ইনোভেশন অফিসার ( অতিরিক্ত সচিব ),নৌ পরিবহন মন্ত্রনালয় ।
(২) সদস্যঅর্থ /(প্রঃ ও উঃ/হাঃ ও মে), মবক, মোংলা।
(৩) ............................................ বিভাগ/কোষ প্রধান, মবক, মোংলা।
(৪) ............................................ সদস্য, ইনোভেশন টিম, মবক, মোংলা।
(৫) চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মবক, মোংলা।
(৬) সহকারী ব্যবস্থাপক (প্রশাসন), মবক, মোংলা। ------ মন্ত্রণালয় সহ বিভিন্ন স্থানে প্রেরণের অনুরোধ করা হলো।
(৭) সহকারী জনসংযোগ কর্মকর্তা, মবক, মোংলা। ------ ওয়েব পোর্টালে প্রকাশের জন্য অনুরোধ করা হলো ।

১৮.০৮.২১

(শিরীন আফরোজ অনু)
সহকারী প্রকৌশলী (তড়িৎ) এবং
সদস্য-সচিব, ইনোভেশন টিম।